করেন এবং কত সংখ্যক জীব সেই প্রলয়কালে অনুদ্বুদ্ধ সংস্কারে প্রকৃতিতে ঘুমাইয়া থাকে? অর্থাৎ নিত্যমুক্ত ও নিত্যবদ্ধ ভেদে জীব দুইভাগে বিভক্ত। তন্মধ্যে নিত্যমুক্ত জীব অনাদিকাল হইতে শ্রীভগবানের সেবাসুখ অনুভব করিয়া থাকেন, মহাপ্রলয়কালেও তাহাদের সেই শ্রীকৃষ্ণ-সেবা-সুখের বিরাম ঘটে না। আর নিত্যবদ্ধ জীব সাধুসঙ্গ ও সাধুকৃপাপ্রভাবে শ্রীভগবান্‌কে ভক্তি করিতে উন্মুখ হইলে, যদি সিদ্ধিলাভ করিবার পূর্ব্বেই ব্রহ্মাণ্ড ধ্বংস হইয়া যায়, তাহা হইলে সেই ভজন-সংস্কার লইয়া প্রকৃতিতে লীন হইয়া থাকে। আবার সেই ভজন-সংস্কার লইয়া ব্রহ্মাণ্ড সৃষ্টির পর শ্রীভগবদ্ভজনে প্রবৃত্ত হইয়া থাকে। সেইসকল ভক্তের ভজন করিবার উপযুক্ত ইন্দ্রিয়াদির অভিব্যক্তি করাইবার জন্যই শ্রীভগবানের সৃষ্টি করিবার সংকল্প উপস্থিত হইয়া থাকে। যেহেতু ভক্তসম্বন্ধ ভিন্ন শ্রীভগবানের স্বতন্ত্র-ভাবে কোন কার্যের প্রবৃত্তি জন্মে না। শ্লোকের শেষার্দ্ধের অর্থ—হে উদ্ধব! আমি সৃষ্টির প্রারম্ভেই শ্রীব্রহ্মাকে যে ধর্ম্ম হইতে আমাতেই চিত্ত আবিষ্ট হয়, সেই ধর্ম্মের কথা অর্থাৎ ভক্তির সংবাদ দিয়াছিলাম।

টীকা চ—তত্র ভক্তিরেব মহাফলত্বেন মুখ্যা অন্যানি তু স্বস্বপ্রকৃত্যনুসারেণ খপুষ্পস্থানীয়স্বর্গাদিফলবুদ্ধিভিঃ প্রাণিভিঃ প্রাধান্যেন পরিকল্পিতানি খুল্লকফলানীতি বিবেক্তুং প্রকৃত্যনুসারেণ বহুধা প্রতিপত্তিমাহ কালেনেভি সপ্তভিঃ। মদাত্মকঃ ময্যেবাত্মা চিত্তং যেন স ইত্যেষা। যদ্বা মদাত্মকঃ মৎস্বরূপভূতঃ নির্গুণত্বেন প্রতি-পাদয়িষ্যমাণত্বাৎ। তদেবং সতি তস্যামেবানেকবিধশ্রেয়োবদনে হেতুমাহ—

মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ!
শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথা কর্ম্ম যথা রুচিঃ॥ ৭৭॥

তৎপ্রকৃতীনাং মায়াগুণমূলত্বান্মন্মায়া মোহিতধিয়ঃ অনেকান্তং নানাবিধং শ্রেয়ঃ পুরুষার্থং তৎসাধনঞ্চ যতঃ॥ ৭৭॥

ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জিতা॥ ৭৮॥
ন সাধয়তি ন বশীকরোতি তপো জ্ঞানং ত্যাগঃ
সন্ন্যাসঃ॥ ৭৮॥

তথা, ধর্ম্মঃ সত্যদয়োপেতো বিদ্যা বা তপসান্বিতা।
মদ্ভক্ত্যাপেতমাত্মানং ন সম্যক্ প্রপুনাতি হি॥ ৭৯॥

ধর্ম্মো নিষ্কামঃ বিদ্যা শাস্ত্রীয়ং ব্রহ্মজ্ঞানং তপস্তদীক্ষণম্। ভক্তিলক্ষণৈস্তু—যথা যথাত্মা পরিমৃজ্যতেঽসৌ মৎপুণ্যগাথাশ্রবণাভিধানৈঃ। তথা তথা পশ্যতি বস্তুসূক্ষ্মং চক্ষুর্যথৈবাঞ্জনসংপ্রযুক্তম্॥ ৮০॥

শ্রীস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা যথা—নিখিল শ্রেয়ঃসাধনের ভক্তিই